




সংবাদপত্রের নাম: : দৈনিক ময়মনসিংহ প্রতিদিন
প্রকাশনার স্থান : : ময়মনসিংহ
তারিখ : : ১৬.১০.২০২৩খ্রি.

সংবাদ
সম্পাদকীয়
প্রবন্ধ/চিত্রপত্র



ময়মনসিংহ বিভাগে ১৯ অক্টোবর ৪০টি সেতু উদ্বোধন

নিজস্ব প্রতিবেদক:

আগামী ১৯ অক্টোবর প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভার্চুয়ালি দেশব্যাপী ১৫০টি সেতু ও ১৪টি ওভারপাসের উদ্বোধন করবেন। এর মধ্যে ময়মনসিংহে বহুল কাল্পনিক ব্রহ্মপুত্র নদের উপর কেওয়াটখালী আর্চ ব্রিজ ও রহমতপুরে অপর একটি দৃষ্টিনন্দন ব্রিজ রয়েছে। এছাড়া শমুগঞ্জ পুরাতন বাসস্ট্যান্ড এলাকায় বিআরটিসি বাস ডিপো ও প্রশিক্ষণকেন্দ্রসহ জেলায় ২৩টি সেতু, নেত্রকোনা জেলায় ১২টি ও জামালপুর জেলায় ৫টিসহ ময়মনসিংহ বিভাগে ৪০টি সেতু রয়েছে। উদ্বোধন উপলক্ষে ময়মনসিংহ নগরীর সার্কিট হাউজ মাঠে ১৫ থেকে ২০ হাজার মানুষের উপস্থিতির জন্য বিশাল ● ৩-এর পাতায় দেখুন

ময়মনসিংহ বিভাগে ১৯ অক্টোবর

(শেষের পাতার পর) প্যাভেল নির্মাণসহ নানা প্রস্তুতি গ্রহণ করেছে প্রশাসন। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধানমন্ত্রী ময়মনসিংহ সার্কিট হাউজ প্রান্তের সঙ্গে ভার্চুয়ালি সংযুক্ত হবেন। শনিবার সকালে জেলা প্রশাসকের কার্যালয়ের সম্মেলন কক্ষে আয়োজিত এক প্রস্তুতিমূলক সভায় এসব তথ্য তুলে ধরা হয়। জেলা প্রশাসক মোস্তাফিজার রহমানের সভাপতিত্বে সভায় বিস্তারিত চিত্র তুলে ধরেন সড়ক পরিবহণ ও মহাসড়ক বিভাগের সচিব এবিএম আমিন উল্লাহ নুরী ও বিআরটিসির চেয়ারম্যান তাজুল ইসলাম।